



চট্টগ্রাম বুধবার ৭ ডিসেম্বর ২০২২

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত






রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ২৮৬তম সংখ্যা।। ২২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ।। ১২ জমাদিউল আউয়াল ১৪৪৪ হিজরি।। Wednesday 7 December 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone


# আইআইইউসি ইস্টার্ন ব্যাংক লিমিটেড'র ক্যাম্পাস রিক্রুটমেন্ট'

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এবং ইস্টার্ন ব্যাংক লিমিটেড'র (ইবিএল) যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হল 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট'। এই কার্যক্রমের আওতায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের শিক্ষার্থীরা সুযোগ পাবেন ইবিএলে কাজ করার। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় এই নিয়োগ পরীক্ষা। দুই পর্বে বিভক্ত পরীক্ষার শুরুতেই সকালে লিখিত এবং বিকালে মৌখিক পরীক্ষা হয়। এর আগে সকালে আইআইইউসি'র উপ উপাচার্য ও ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিস এর ডিন প্রফেসর ড. মছরুরুল মওলার শুভেচ্ছা বক্তব্যের মধ্য দিয়ে 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট' কার্যক্রম শুরু হয়। আইআইইউসি'র উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলা ইবিএল সহ এমন স্বনামধন্য প্রতিষ্ঠানের ক্যাম্পাস রিক্রুটমেন্ট কার্যক্রম আইআইইউসিতে ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যাক্ত করেন।

এ কার্যক্রমের নানান দিক নিয়ে কথা বলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ব্যবসা প্রশাসন বিভাগের চেয়ারম্যান মো. এমদাদ হোসাইন, ইস্টার্ন ব্যাংক লিমিটেডের হেড অব পিপলস একুইজিশন রিয়াদ হোসেন, ম্যানেজার নাজরান কবির, মো. রাকিবুল আলম, আফসারুর রহমান ভুইয়া ও রামিশা সালসাবিন।

কার্যক্রমের সার্বিক সমন্বয়ে ছিলেন অধ্যাপক ড. আবদুল্লাহিল মামুন, সহযোগী অধ্যাপক মোহাম্মদ তৌফি-কুর রহমান, সহযোগী অধ্যাপক বাস-রাত হোসাইন, ইবিএলের রিলেশনশিপ ম্যানেজার ও আইআইইউসির এলামনি মোহাম্মদ ইফতেখার হোসাইন চৌধুরী এবং তাসকিয়া আলম এমা। কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতা করে আইআইইউসি বিজনেস ক্লাব।

এই রিক্রুটমেন্ট প্রোগ্রামে অংশগ্রহণের জন্য সহস্রাধিক শিক্ষার্থী আবেদন করলেও, প্রাথমিক বাচাইয়ে ৪৩৫ জন শিক্ষার্থী অংশগ্রহণের সুযোগ পান।-বিজ্ঞপ্তি



*আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এবং ইস্টার্ন ব্যাংক লিমিটেড'র (ইবিএল) যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হল 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট*

Ref: Dainik Purbokone, Date: 07 December 2022, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-12-07

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

বুধবার
চট্টগ্রাম
৭ ডিসেম্বর ২০২২
২২ অগ্রহায়ণ ১৪২৯
১২ জমাদিউল আউয়াল ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-৩৪৫

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার 02-334455071-6 02-334451901-6
মোবাইল নাম্বার 01976-022111 01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

শুভ সকাল
২০ কোটি ডলার ঋণ দিয়েছে এডিবি

দশ কথার এক কথা
যতবার ক্ষমতায় এসেছি, ভোটেই এসেছি : প্রধানমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

চট্টগ্রামে শনাক্ত ১,২৯,৫০৬ মৃত্যু ১,৩৬৮

শেষ পাতায়
টাইব্রেকারে স্পেনকে কাঁদিয়ে 'লাল উৎসব' মরক্কোর

# আইআইইউসি-ইবিএল'র 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট'

আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এবং ইস্টার্ন ব্যাংক লিমিটেড'র (ইবিএল) যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হল 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট'। এই কার্যক্রমের আওতায় আইআইইবি শিক্ষার্থীরা সুযোগ পাবেন ইবিএলে কাজ করার।

আইআইইউসি চট্টগ্রামের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় এই নিয়োগ পরীক্ষা। দুই পর্বে বিভক্ত পরীক্ষার শুরুতেই সকালে লিখিত এবং বিকালে মৌখিক পরীক্ষা হয়। এর আগে সকালে আইআইইউসি'র উপ-উপাচার্য ও ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিস-এর ডিন প্রফেসর ড. মছরুরুল মওলার শুভেচ্ছা বক্তব্যের মধ্য দিয়ে 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট' কার্যক্রম শুরু হয়।

এ কার্যক্রমের নানা দিক নিয়ে কথা বলেন, আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ব্যবসা প্রশাসন বিভাগের চেয়ারম্যান মো. এমদাদ হোসাইন, ইস্টার্ন ব্যাংক লিমিটেডের হেড অব পিপলস অ্যাকুইজিশন রিয়াদ হোসেন, ম্যানেজার নাজরান কবির, মো. রাকিবুল আলম, আফসারুর রহমান ভুইয়া ও রামিশা সালসাবিন। কার্যক্রমের সার্বিক সমন্বয়ে ছিলেন আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ব্যবসা প্রশাসন বিভাগের এমবিএ ও এবিএম প্রোগ্রামের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. আবদুল্লাহিল মামুন, সহযোগী অধ্যাপক মোহাম্মদ তৌফিকুর রহমান, সহযোগী অধ্যাপক বাসারাত হোসাইন, ইবিএলের রিলেশনশিপ ম্যানেজার ও আইআইইউসির এলামনি মোহাম্মদ ইফতেখার হোসাইন চৌধুরী এবং তাসকিয়া আলম এমা। বিজ্ঞপ্তি



আইআইইউসি ও ইবিএল এর 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট' অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ

Ref: Dainik Purbodesh, Date: 07 December 2022, Page: 2, Col: 3
https://archive.epurbodesh.com/index.php?date=07-12-2022&page=2